# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

**স্মারক নং-** ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২২-৪৩

**তারিখ:** ২২ বৈশাখ ১৪২৯
০৫ মে ২০২২

## "নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পীরগঞ্জ উপজেলা পরিষদের মে ২০২২ খ্রি: মাসের মাসিক সভা আগামী ১২-৫-২০২২ খ্রি: তারিখ রোজ- বৃহস্পতিবার, সকাল ১০:০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ সভা কক্ষে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

সভায় আপনাকে কার্যপত্রসহ যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি :**

১। এডিপিসহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।
২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও
৩। বিবিধ।

০৫/০৫/২০২২
(মোঃ রেজাউল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**বিতরণ :কার্যার্থে :**

১। ............................................................., পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

২। চেয়ারম্যান ................................................., (সকল) ইউ.পি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

৩। .................................................................।

**স্মারক নং-** ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২২-৪৩

**তারিখ:** ২২ বৈশাখ ১৪২৯
০৫ মে ২০২২

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৪। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৫। অফিস কপি।

০৫/০৫/২০২২
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

মোঃ শফিকুল ইসলাম রাজিব, সি.এ./উপজেলা পরিষদ কার্যালয়/পীরগঞ্জ/ঠাকুরগাঁও/মাসিক সভার নোটিশ/উসস মে ২০২২

উপস্থিত উপদেষ্টা মণ্ডলী:

১. জনাব মো: হাবিবুর রহমান
মাননীয় জাতীয় সংসদ সদস্য - ৫ ঠাকুরগাঁও-৩ →

২. জনাব মো: ইকরামুল হক, মেয়র, পীরগঞ্জ পৌরসভা →

৩. জনাব সুকুমার রায়, ভাইস চেয়ারম্যান, উপ: পরি: →

৪. জনাব ভারতী রাণী রায়, মহিলা ভাইস চেয়ারম্যান উ:প: →

৫. জনাব মোছা: আরজিনা পারভীন, সংরক্ষিত মহিলা সদস্য-০১ →

৬. জনাব মোছা: নুর জাহান, সংরক্ষিত মহিলা সদস্য-০২ →

৭. জনাব মোছা: খাদিজা, সংরক্ষিত মহিলা সদস্য-০৩ →

৮. জনাব মোছা: গুলেনুর, সংরক্ষিত মহিলা সদস্য-০৪ →

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের স্বাক্ষর:

১. চেয়ারম্যান, ১ নং ভোমরাদহ ইউ.পি. →

২. চেয়ারম্যান, ২ নং কোষারাণীগঞ্জ ইউ.পি. →

৩. চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউ.পি. →

৪. চেয়ারম্যান, ৪ নং সৈয়দপুর ইউ.পি. →

৫. চেয়ারম্যান, ৫ নং পীরগঞ্জ ইউ.পি. →

৬. চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউ.পি. →

৭. চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ.পি. →

৮. চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউ.পি. →

৯. চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউ.পি. →

১০. চেয়ারম্যান, ১১ নং বৈরচুনা ইউ.পি. →

তারিখ: ১২-৫-২০২২ ০২
সময়: ১০-০০টা

উপস্থিত কর্মকর্তা ও সদস্যবৃন্দের স্বাক্ষর:

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১. | ডা: মো: আব্দুল জব্বার - UHFPO | [signature] |
| ০২. | | |
| ০৩. | লায়লা আরজুমান বেগম, চেয়ারম্যান, পীরগঞ্জ | [signature] |
| ০৪. | মো: খালেদ মোশারফ, SUFO | [signature] |
| ০৫. | ডা: মো: সোহেল রানা, ULO (In Charge) | [signature] |
| ০৬. | মোঃ হাবিবুল ইসলাম | [signature] |
| ০৭. | মোঃ জুলফিকার আলী UYDO | [signature] |
| ০৮. | মোঃ জিয়াউল হক শাহ UCF | [signature] |
| ০৯. | মোঃ বজলু মিয়া উপজেলা পল্লী উন্নয়ন | [signature] |
| ১০. | মো: সাইদুর আনোয়ার উপজেলা মৎস্য | [signature] |
| ১১. | মো: আতিকুল্লাহ উপজেলা বার্ড প্রিবেশি ... | [signature] |
| ১২। | মো: মাহফুজুল আলম, সহ: প্রকৌ: জনস্বাস্থ্য | [signature] |
| ১৩। | মো: বাবুল হোসেন, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | [signature] |
| ১৪। | মোঃ আশরাফুল আলম, হিসাবরক্ষণ, মহিলা বিষয়ক অফিস | [signature] |
| ১৫। | আহমেদ হোসেন উপজেলা সমবায় অফিসার | [signature] |
| ১৬। | মোঃ মেহেদী হাসান, SAE, DPHE | [signature] |
| ১৭। | মো: মাসুদ রানা, অফিস সহকারী অফিস | [signature] |

Bangladesh 50

মুজিব শতবর্ষ 100

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# উপজেলা পরিষদ পীরগঞ্জ, ঠাকুরগাঁও এর মে, ২০২২ মাসের সভার কার্যবিবরণী:

**সভাপতি** ঃ মোঃ আখতারুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**তারিখ** ঃ ১২-৫-২০২২ খ্রিঃ
**সময়** ঃ সকাল ১০:০০ টা।
**স্থান** ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক', পরিশিষ্ট - 'গ' ইউজিডিপি'র অবকাঠামো প্রকল্পের বিল**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে ঈদ উল ফিতরের শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, জরুরী বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৩৯৬ জন, বহি: বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৪,৫৯০ জন, অন্ত: বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ১,০০৬ জন, নরমাল ডেলিভারীর সংখ্যা ৬১ টি, সিজারিয়ান অপারেশন হয়েছে ০৩ টি, মৃত জন্ম ০০ টি, এ.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ২২০ জনকে, পি.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ১৭৫ জনকে। ডায়রিয়া বা অজ্ঞাত রোগের প্রাদুর্ভাব নাই। তিনি আরও জানান, উপজেলায় ১০ টি ইউনিয়নে মোট ২৭ টি কমিউনিটি ক্লিনিক চালু রয়েছে। কমিউনিটি ক্লিনিকসমূহে যথেষ্ট পরিমাণে ঔষধ সরবরাহ রয়েছে। মাঠ পর্যায়ে EPI কাজের অর্জন ১০০%। ১২-৫-২০২২ খ্রিঃ পর্যন্ত কোভিড-১৯ মোট নমুনা সংগ্রহ ২,৯৭২ জন, পরীক্ষীত ২,৯৭২ জন, অবশিষ্ট ০০ জন। করোনা পজিটিভ মোট ৯৬৯ জন, সুস্থ্য ৯৫১ জন, মৃত ১৮ জন, হোম আইসোলোশন ০০ জন, হাসপাতাল আইসোলোশন ০০ জন। ১ম ডোজ টিকা প্রদান ১,৭৮,৯০৯ জনকে, ২য় ডোজ টিকা প্রদান ১,৬৩,৩৪৩ জনকে, বুষ্টার ৩১,১১৬ জনকে। ছাত্র/ছাত্রীদের মাঝে ১ম ডোজ টিকা প্রদান ২৮,৩৯৩ জনকে, ২য় ডোজ টিকা প্রদান ২৬,১০৬ জনকে। এছাড়াও অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে শূন্য পদে জরুরী ভিত্তিতে জনবল পদায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ** | উপজেলা পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর দপ্তরের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপঃ (১) সক্ষম দম্পতি- ৪৯,৯১৭ জন, (২) মোট গ্রহণকারী- ৩৯,১১৬ জন, (৩) খাবার বড়ি - ৮,৬৭৯ (৪) কনডম- ৪,৭৯৯ (৫) ইনজেকটেবল (ভায়াল)- ৭৭৭ (৬) আইইউডি- ২০ (৭) ইমপ্ল্যানন- ৭০ (৮) স্থায়ী পদ্ধতি (পুরুষ)- ০১ জন (৯) স্থায়ী পদ্ধতি (মহিলা)- ০৭ জন (১০) মোট ব্যবহারকারী- ৩৫,৮৭১ জন (১১) ইসিপি- ১৫ (১২) মিসোপ্রোস্টল- ৬০২ (১৩) পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৮.৩০% (১৪) মোট জনসংখ্যা- ২,৪৩,৫৩৫ জন (আদমশুমারী অনুযায়ী)। | ১) গুচ্ছগ্রাম ও আবাসনসমূহে বেশী বেশী উঠান বৈঠকের আয়োজন করতে হবে। ২) স্থায়ী পদ্ধতি গ্রহণে সংশ্লিষ্টদের উৎসাহিত করতে হবে। | **১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পীরগঞ্জ। ২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) পীরগঞ্জ।** |
| ০৩ | **উপজেলা কৃষি বিভাগ** | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, এ বছর বোরো ধান আবাদ অর্জিত হয়েছে ১১,৬২০ হেক্টর (লক্ষ্যমাত্রা ১১,৫৯০ হেক্টর), তরমুজ আবাদ হয়েছে ১২৭ হেক্টর (লক্ষ্যমাত্রা ৫০ হেক্টর)। গত ১১-৪-২০২২ খ্রিঃ তারিখে শিলা বৃষ্টিতে ভুট্টা, শাকসবজি, ধান, আম বাগান, লিচু বাগান, মাল্টা বাগান, তরমুজ ও কলা ফসলে মোট ৭৯৬ হেক্টর জমি আক্রান্ত হয়েছে। অতি শীঘ্রই ক্ষয়ক্ষতি নিরুপন করে রিপোর্ট প্রেরণ করা হবে।<br>কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতায় ২০২১-২২ খ্রিঃ অর্থ বছরের বিভিন্ন প্রকল্পের কর্মকান্ড বাস্তবায়ন শেষ পর্যায়ে রয়েছে। যথাসময়ে সকল কর্মকান্ড শেষ হবে বলে তিনি সভাকে জানান। মাঠ পর্যায়ে সার, বীজ, কীটনাশকসহ সকল কৃষি উপকরণের প্রাপ্যতা নিয়ে কোন সমস্যা নাই। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে মাঠে বাস্তবায়ন হচ্ছে। | সার, বীজ, জ্বালানি তেল ও বালাইনাশকসহ সকল ধরণের কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক রাখতে মনিটরিং অব্যাহত রাখতে হবে। | **উপজেলা কৃষি কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ০৪ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ** | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | **উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ০৫ | **উপজেলা মৎস্য বিভাগ** | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা মৎস্য কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ০৬ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ** | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, ২০২২ খ্রিঃ সালের এবতেদায়ী, দাখিল, মাধ্যমিক ও কারিগরি স্তরের পাঠ্য পুস্তক বিতরণ প্রায় সম্পন্ন হয়েছে। বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা ২০২২ সম্পন্ন হয়েছে। মাধ্যমিক স্তরের এবং একাদশ ও দ্বাদশ শ্রেণির ছাত্র/ছাত্রীদের উপবৃত্তি চূড়ান্ত অনুমোদনের জন্য প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টে প্রেরণ করা হয়েছে। শিক্ষক প্রশিক্ষণ চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও শিক্ষা সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে প্রাথমিক শিক্ষায় সহযোগিতা করার জন্য আহ্বান জানান। নিজ নিজ এলাকার বিদ্যালয়গুলো মনিটরিং করার জন্যও অনুরোধ করেন। প্রাথমিক শিক্ষার গুণগত মান নিশ্চিতের উপর বিস্তারিত আলোচনা করা হয়। সম্মানিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের প্রস্তাবের ভিত্তিতে চেয়ারম্যানগণ বিদ্যালয়গুলি পরিদর্শণ করবেন মর্মে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। এ বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার জানান আমাদের শিশুরা বাংলা ও ইংরেজি বিষয়ে দূর্বল। এ বিষয়ে মনিটরিং করার জন্য উপজেলা শিক্ষা অফিসার সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। বিদ্যালয়ের স্বাভাবিক কার্যক্রম চলমান। বিদ্যালয়গুলোতে স্বাস্থ্যবিষয়ক কর্ণার স্থাপনের জন্য পরামর্শ প্রদান করা হয়েছে। ইহা ছাড়াও বিদ্যালয়ের পরিবেশ পরিচ্ছন্ন রাখার উপর যথেষ্ট গুরুত্ব দিয়ে পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়াও মগ,জগ, বালতি, ইনফ্রায়েড থার্মোমিটার, সাবান, ব্লিচিং পাউডার, হ্যান্ড স্যানিটাইজার, টিস্যু ইত্যাদি ক্রয় করার জন্য বলা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে প্লেয়িং একসেসরিস বাবদ ৮ টি বিদ্যালয়ের প্রতিটি ১,৫০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন প্রস্তুত করে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো। ২০২১-২০২২ অর্থ বছরে ক্ষুদ্র মেরামত বাবদ প্রথম পর্যায়ে ৬৫ টি বিদ্যালয় এবং দ্বিতীয় পর্যায়ে ০৯ টি বিদ্যালয়সহ মোট ৭৪ টি বিদ্যালয়ের প্রতিটি দুই লক্ষ টাকার বরাদ্দ পাওয়ায় উপজেলা প্রকৌশলীকে প্রক্কলন প্রস্তুত করে সহযোগিতা করা জন্য অনুরোধ করা হলো। রুটিন মেরামত বাবদ ১১৯ টি বিদ্যালয়ের প্রতিটি ৪০,০০০/- টাকা এবং ওয়াস ব্লক বাবদ ১২ টি বিদ্যালয়ের প্রতিটি বিদ্যালয়ে ২০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। এসএমসি কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন দ্বারা রুটিন ও ওয়াশব্লকের কার্য সম্পাদন করা হবে। জাতীয় শিশু প্রতিযোগিতা আগামী ১৯শে মে/২০২২ উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত হবে। আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ইউনিয়ন পর্যায়ে চলমান। খুব শীঘ্রই উপজেলা পর্যায়ে শুরু হবে । সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো। বঙ্গবন্ধু ও বঙ্গমামাতা ফুটবল টুর্নামেন্ট খুব শীঘ্রই ইউনিয়ন ও উপজেলা পর্যায় শুরু হবে। এ বিষয়ে সকলের আন্তরিকতা ও সহযোগিতা কামনা করেন। ইউনিয়ন পর্যায় ০৪ থেকে ১৬ জুন এবং উপজেলা পর্যায় ১৮ থেকে ২৩ জুন অনুষ্ঠিত হবে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ভাতা সংক্রান্ত কার্যক্রমের ৩য় কিস্তির পে রোল প্রদান করা হয়েছে। আশা করা যায়, আসন্ন ঈদ উল ফিতরের আগেই সকলে ভাতা পেয়ে যাবেন। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ০৯ | পুলিশ বিভাগ | অফিসার-ইন-চার্জ, পীরগঞ্জ থানা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | **অফিসার-ইন-চার্জ, থানা, পীরগঞ্জ।** |
| ১০ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় খাদ্যশস্যের মজুদ সংক্রান্ত নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:<br>**পীরগঞ্জঃ**<br>চাল আমন ২৩১১.৪০৮ মে:টন ও খালি বস্তা ৮৪,২০০ খানা।<br>**ভোমরাদহঃ**<br>আমন চাল ৩৬৪.৬৮০ মে:টন ও খালি বস্তা ৭,৩৯৭ খানা। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পীরগঞ্জ।** |
| ১১ | উপজেলা ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ১ম পর্যায় বিশেষ কাবিখা, টি.আর, এর কার্যক্রম ১০০% সমাপ্ত হয়েছে। ১ম পর্যায় সাধারণ কাবিখা, টি.আর, এর কার্যক্রম ৯৯% সমাপ্ত হয়েছে। ২য় পর্যায় বিশেষ কাবিখা'র বরাদ্দ পাওয়া গেছে।<br>ব্রীজ, কালভার্ট কার্যক্রমের ঠিকাদার নিয়োগ করা হয়েছে। এইচবিবি কার্যক্রমের ঠিকাদার নিয়োগ করা হয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:<br>**১) ভিজিডি কর্মসূচি:** এই কর্মসূচির আওতায় ২০২১-২০২২ খ্রি: চক্রের উপকারভোগী মোট ২,৫৫৮ জন এবং মার্চ ২০২২ খ্রি: মাসের ডিও প্রদান করা হয়েছে।<br>**২) দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচি:** ২০২১-২০২২ খ্রি: অর্থবছর পর্যন্ত উপকারভোগী মোট ১,৫৩৩ জন।<br>**৩) কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচি:** ২০২১-২০২২ খ্রি: পর্যন্ত অর্থবছর উপকারভোগী মোট ৪৫০ জন।<br>**৪) মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC):** ২০২১-২০২২ খ্রি: পর্যন্ত অর্থবছরে এপ্রিল ২০২২ হতে জুন ২০২২ পর্যন্ত ০৩ মাস (তিন) মাস মেয়াদী সেলাই দর্জিবিজ্ঞান বিষয়ের উপর ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান।<br>**৫) উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (আইজি-এ) প্রকল্প:** এই প্রকল্পের আওতায় ৫০ জন ফ্যাশন ডিজাইন, ৫০ জন ক্রিস্টাল শো-পিচ ও ডেকোরেটেড কেন্ডেল মেকিং মোমবাতি ট্রেডে সর্বমোট ১০০ (একশত) জন প্রশিক্ষাণার্থী এপ্রিল ২০২২ হতে জুন ২০২২ পর্যন্ত ০৩ মাস (তিন) মাস মেয়াদী ১৪ তম এবং ১৫ তম ব্যাচের | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পীরগঞ্জ।** |

<table>
<tr><td></td><td></td><td>শিফট অনুযায়ী প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>৬) অত্র উপজেলায় ০১ টি পৌরসভা ও ১০ টি ইউনিয়নে মোট ১১ টি কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td></td><td></td></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা জনস্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা জনস্বাস্থ্য বিভাগের সহকারী প্রকৌশলী সভায় জানান যে, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ১০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চার তলা ভিত্তির দুই তলা ওয়াস ব্লক এর নির্মাণ কাজ চলমান রয়েছে। এ পর্যন্ত বিভিন্ন প্রকল্প হতে প্রায় ৩৫ টি স্কুলে ওয়াস ব্লক নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং ০৫ টির কাজ চলমান রয়েছে। তিনি আরও জানান, মুজিব বর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য আশ্রয়ণ প্রকল্পে ৩য় পর্যায়ে নতুন ৪১ টি পানির উৎস বরাদ্দ পাওয়া গেছে। এসব উৎস স্থাপনের স্থান তালিকা পাওয়া গেছে এবং স্থাপন কাজ চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।</td><td>সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৪</td><td>উপজেলা সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:
<table>
<tr><td>মোট সমিতির সংখ্যা</td><td>২৮৫ টি।</td></tr>
<tr><td>ক) কেন্দ্রীয় সমবায় সমিতি সংখ্যা</td><td>২টি।</td></tr>
<tr><td>খ) প্রাথমিক সমবায় সমিতি সংখ্যা</td><td>২৮৩ টি।</td></tr>
<tr><td>কার্যকর সমিতির সংখ্যা</td><td>১২৯ টি।</td></tr>
<tr><td>ক) কেন্দ্রীয় সমবায় সমিতি সংখ্যা</td><td>১ টি।</td></tr>
<tr><td>খ) প্রাথমিক সমবায় সমিতি সংখ্যা</td><td>১২৮ টি।</td></tr>
<tr><td>মোট শেয়ার মূলধন</td><td>১,১০,০০,৫৬৯/-</td></tr>
<tr><td>মোট সঞ্চয় আমানতের পরিমাণ</td><td>১০৮,৯০,৫৬,০২১/-</td></tr>
<tr><td>মোট কার্যকরী মূলধনের পরিমাণ</td><td>১১০,০০,৫৬,৫৯০/-</td></tr>
<tr><td>কর্মস্থান সৃষ্টি (পুরুষ)</td><td>১১০০ জন।</td></tr>
<tr><td>কর্মস্থান সৃষ্টি (মহিলা)</td><td>১৩৬০ জন।</td></tr>
<tr><td>মোট কর্মস্থান</td><td>২৪৬০ জন।</td></tr>
<tr><td>মোট ঋণ বিতরণ<br>(সমিতির নিজস্ব অর্থায়নে)</td><td>১১০,০০,৫৬,৫৯০/-</td></tr>
<tr><td>মোট উপকারভগী সদস্য সংখ্যা</td><td>২২৮৫৩ জন।</td></tr>
<tr><td>পীরগঞ্জ উপজেলায় মোট জনসংখ্যা</td><td>৬.২৬% সমবায়ী</td></tr>
<tr><td>সমবায় মার্কেটে মোট জমির পরিমাণ</td><td>০.২৬ শতাংশ।<br>উক্ত সম্পতিতে তিন তালা ভবন রয়েছে। মোট দোকান ৫২ টি।</td></tr>
<tr><td>অত্র উপজেলায় সমবায় বিভাগের জমির পরিমাণ</td><td>০.৯৯ শতাংশ।</td></tr>
<tr><td>ভূমিহীন সমিতির নামে দালিলকৃত জমির পরিমাণ</td><td>৬৯.০০ একর।</td></tr>
</table>
অত্র উপজেলা সমবায় বিভাগে আলোচ্য অডিট বর্ষে অডিট যোগ্য সমবায় সমিতির সংখ্যা বর্তমানে ১৩০টি। ইতোমধ্যে ২০২০-২০২১ খ্রিঃ সালের বার্ষিক আডিট সম্পন্ন হয়েছে ১৩০ টি। বিগত মাসে ৬৫ টি বর্তমান মাসে ১৪ টি মোট ৭৬ টি সমিতির অডিট সম্পন্ন হয়েছে। সমিতির তদারকি কার্যক্রম নিয়মিত করা হচ্ছে প্রতিমাসে ০৪ টি সমিতি পরিদর্শন করা হয়। সমিতিগুলির ব্যবস্থাপনা কমিটি নিয়মিত করার লক্ষ্যে এ পর্যন্ত মোট ২০ টি সমিতির</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
</table>

<table>
<tr><td></td><td></td><td>নির্বাচন কার্যক্রম যথাযথ ভাবে সম্পন্ন করা হয়। বাকিগুলির নির্বাচন কার্যক্রম চলছে। উপজেলার বর্তমান বৎসরে ২৮টি সমবায় সমিতি নির্বাচন অনুষ্ঠিত হবে। বর্তমান অর্থ বছরে (২০১৯-২০২০) অডিট ফি (রাজস্ব) ৪৮৭৩৮/- টাকা এবং সরকারি ভ্যাট ৭৩১১/- টাকা সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করা হয়। সমবায় উন্নয়ন তহবিল ৭১৭৩০/- টাকা অনলাইন ডিডির মাধ্যমে জমা করা হয়। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম যথারিতি চলছে।<br>এছাড়াও জনগাঁও আশ্রায়ণ প্রকল্প ফেইজ-২ পকল্পে, ৯৬ জন সদস্যের মাঝে ক্রমপুঞ্জিভূত = ১৪,৮৫,০০০/- টাকা বিভিন্ন ট্রেডে ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে। আলোচ্য মাসে আদায় নাই। মোট আসল আদায় ৯৭৮২১০/- টাকা এবং সার্ভিস চার্জ ৭৮৩৯০/- টাকা। বর্তমান মাসে আদায় নাই। অনাদায়ী টাকা আদায়ের প্রচেষ্টা চলছে। আদায়ের শতকরা হার ৬৫% ।</td><td></td><td></td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি আদায়ের হার ১০০%। চলতি অর্থ বছরের আদায়কৃত ২৪,৪১,৬৫৫/-, ক্রমপুঞ্জিত আদায় ১৫,৩৯,১৭,৪০৪/-, চলতি অর্থ বছরে ঋণ বিতরণ ২৩,৯৭,০০০/-, চলতি অর্থ বছরে ঋনির সংখ্যা ৬৬ জন, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১৫,৭৭,৯৩,৫০০/-, ক্রমপুঞ্জিত ঋনির সংখ্যা ২৯,৩৭৩ জন, চলতি অর্থ বছরে প্রশিক্ষণ প্রাপ্ত ৪২০ জন, ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ প্রাপ্ত ৯,২৬৩ জন, চলতি অর্থ বছরে আত্নকর্মী ৪৭ জন, ক্রমপুঞ্জিত আত্নকর্মী ৪,৬৬৩ জন। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৬</td><td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:<br>১। ১৪ (চৌদ্দ) টি অস্থায়ী ফসলের হিসাব নিরুপন।<br>২। ০৫ (পাঁচ) টি স্থায়ী ফসলের হিসাব নিরুপন।<br>৩। শীতকালীন ভূট্টা জরিপ।<br>৪। জনশুমারি ও গৃহগণনা ২০২২ জোনাল অপারেশন ৩ পর্ব।<br>৫। গম ফসলের মুল্য ও উৎপাদন খরচ জরিপ।<br>৬। সমগ্র উপজেলায় ১০ জন কৃষক অথবা কৃষি দিনমজুরের সাক্ষাৎকারের ভিত্তিতে মার্চ মাসের কৃষি দিনমজুরের হার নিরুপন । এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>ক্র:পুঞ্জিভুত মোট বিতরণ</th><th>চলতি মাসে আদায়</th><th>ক্র:পুঞ্জিভুত মোট আদায়</th><th>খেলাপি/ আদায় যোগ্য</th><th>ক্র:পুঞ্জিভুত ঋণ আদায়ের হার</th><th>সদস্য সংখ্যা</th></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>১৫১.৩৭</td><td>-</td><td>১২১.০৮</td><td>১৩৯.২২</td><td>৮৭%</td><td>৩৬৯</td></tr>
<tr><td>আবর্তক কৃষি</td><td>৬১.৪৮</td><td>০.৫৬</td><td>৪৩.৬৩</td><td>৪৩.৭৭</td><td>১০০%</td><td>১১০</td></tr>
<tr><td>অসচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>২২.০৬</td><td>০.০৩</td><td>১৩.০৯</td><td>১৫.২৯</td><td>৮৭%</td><td>৭৫</td></tr>
<tr><td>গুচ্ছগ্রাম</td><td>৩.৭৫</td><td>-</td><td>৩.০০</td><td>৩.৭৫</td><td>৮৮%</td><td>৫০</td></tr>
<tr><td>মোট</td><td>২৩৮.৬৬</td><td>০.৫৯</td><td>১৮১.১০</td><td>২০২.০৩</td><td>৯০%</td><td>৬০০</td></tr>
</table>
এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে এবং আমার বাড়ি আমার খামার প্রকল্পের বিষয়ে সকলেই একমত পোষণ করেন।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | উপজেলা বন বিভাগ | উপজেলা বিট বন কর্মকর্তা সভায় জানান যে, অবৈধ করাত কল বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করাসহ প্রশাসনের সহযোগিতা কামনা করেন। অবৈধ লাইসেন্স বিহীন করাত কলগুলির দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | অবৈধ করাত কল বন্ধে মোবাইল কোর্ট অভিযান অব্যাহত রাখতে হবে। | এসএফপিসি, পীরগঞ্জ। |
| ১৯ | উপজেলা বরেন্দ্র বিভাগ | উপজেলা সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা সভায় জানান যে, বিএমডিএর ২৪২ টি সেচ যন্ত্রের মধ্যে ২৪০ টি সেচ চালু রয়েছে। যা, দিয়ে কৃষক পর্যায়ে সেচ প্রদান চালু রয়েছে। বাকি, ০২ টি সেচ যন্ত্র চালু প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২০ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২১ | উপজেলা নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২২ | পল্লী বিদ্যুৎ সমিতি, পীরগঞ্জ | ডিজিএম, পল্লীবিদ্যুৎ সমিতি'র প্রতিনিধি সভায় জানান যে, বকেয়া বিদ্যুৎ বিল আদায় কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বকেয়া বিদ্যুৎ বিল আদায় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, পীরগঞ্জ। |
| ২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ | ইউডিএফ সভায় জানান যে, ৩১ মে ২০২২ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা পরিষদের বার্ষিক বাজেট প্রণয়ন করা প্রয়োজন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ জানান। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৩১ মে ২০২২ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা পরিষদের বার্ষিক বাজেট প্রণয়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |
| ২৪ | উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় (ইউজিডিপি) প্রকল্পের ৪র্থ পর্যায়ের একটি অবকাঠামো উন্নয়ন প্রকল্প, যার প্যাকেজ নং- e-Tender/INF-2019-20-559482-01 এর কাজের নামঃ কোভিড-১৯ ও অন্যান্য জরুরী স্বাস্থ্যঝুকি মোকাবিলায় পীরগঞ্জ স্বাস্থ্য কমপ্লেক্স এ অক্সিজেন সিলিন্ডার স্থাপন কাজের ঠিকাদার গ্লোবাল সেড ইকুভমেন্ট লিমিটেড, বাড়ী নং ৬৩, জনতা হাউজিং আদাবর ঢাকা উপ-প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করেছেন। বিধি মোতাবেক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর পূর্বক চুড়ান্ত বিলের আবেদন করেছেন। সমাপ্তকৃত প্রকল্প কার্যক্রম ও বিলের বিবরণী **পরিশিষ্ট 'গ'** -তে দেখানো হলো। এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপস্থাপিত বিল সকলের আলোচনার ভিত্তিতে অনুমোদন করা হলো। বিস্তারিত **পরিশিষ্ট 'গ'** তে দেখানো হলো। | উপজেলা প্রকৌশলী, ইউডিএফ পীরগঞ্জ। |

উপজেলা ভাইস-চেয়ারম্যান জনাব সুকুমার রায় সভায়, সকল কমিটির কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যান জনাব ভারতী রাণী রায় সভায়, সকল দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতি উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায়, ঈদ উল ফিতরের শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সরকারী বিধি-বিধানের আলোকে জনগণের সেবায় নিয়োজিত থাকার জন্য আহবান জানান ও সকলের সুস্বাস্থ্য কামনা করেন।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আখতারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**
**https://pirganj.thakurgaon.gov.bd**

নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২২-৪৫(৫০)

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৯ / ১২ মে ২০২২

**বিতরণ : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও।
৮। উপজেলা...................................................... (সকল) কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৯। চেয়ারম্যান,......................................... (সকল) ইউ.পি. পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১০। জনাব,.................................................।

১২/০৫/২০২২

(মোঃ রেজাউল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

পরিশিষ্ট - 'গ'

তারিখঃ ১২-৫-২০২২ খ্রিঃ

## পীরগঞ্জ উপজেলা পরিষদের মে ২০২২ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী

উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় (ইউজিডিপি) প্রকল্পের ৪র্থ পর্যায়ের একটি অবকাঠামো উন্নয়ন প্রকল্প, যার প্যাকেজ নং- e-Tender/INF-2019-20-559482-01 এর কাজের নামঃ কোভিড-১৯ ও অন্যান্য জরুরী স্বাস্থ্যঝুকি মোকাবিলায় পীরগঞ্জ স্বাস্থ্য কমপ্লেক্স এ অক্সিজেন সিলিন্ডার স্থাপন কাজের ঠিকাদার গ্লোবাল সেড ইকুভমেন্ট লিমিটেড, বাড়ী নং ৬৩, জনতা হাউজিং আদাবর ঢাকা উপ-প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করেছেন। বিধি মোতাবেক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর পূর্বক চুড়ান্ত বিলের আবেদন করেছেন। সংশ্লিষ্ট ঠিকাদারকে চুড়ান্তবিল প্রদান করা প্রয়োজন। সমাপ্তকৃত প্রকল্প কার্যক্রম ও বিলের বিবরণী নিম্নে পেশ করা হলো।

| প্রকল্পের নাম | প্রকল্প নং/ প্যাকেজ নং | চুক্তি মূল্য (টাকা) | ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিল (টাকা) | ভ্যাট ও ট্যাক্স বাদে নীট বিলের পরিমান | ভ্যাটের পরিমান | ট্যাক্সের পরিমান | মোট বিল ভ্যাট ও ট্যাক্স সহ |
|---|---|---|---|---|---|---|---|
| কোভিড-১৯ ও অন্যান্য জরুরী স্বাস্থ্যঝুকি মোকাবিলায় পীরগঞ্জ স্বাস্থ্য কমপ্লেক্স এ অক্সিজেন সিলিন্ডার স্থাপন | INF-2019-20-559482-01 | ৮,৬৬,৯৬২/- | ৮,৬৬,৯৬২/- | ৭,৭৫,৯৩১/- | ৬৫,০২২/- | ২৬,০০৯/- | ৮,৬৬,৯৬২/- |
| মোট = ৭,৭৫,৯৩১/- (সাত লক্ষ পচাঁত্তর হাজার নয়শত একত্রিশ টাকা) মাত্র। | | | | | | | |